

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
কর্মসংস্থান শাখা-০১
www.probashi.gov.bd

নং-৪৯.০০.০০০০.০৪৩.১১.০২০.১৭.

তারিখ : ০৮-০৮-২০১৭ খ্রিঃ।

বিষয় : মরিশাসস্থ Princes Tuna (Mauritius) Limited এর অধীনে Fish Cleaners পদে ১৫০ (একশত পঁঞ্চাশ) জন মহিলা কর্মীর নিয়োগানুমতি প্রদান।

উপর্যুক্ত বিষয়ে রিক্রুটিং এজেন্সি বে-ইন্টার্ন লিঃ (আরএল-০৫৭)-কর্তৃক মরিশাসস্থ Princes Tuna (Mauritius) Limited এর অধীনে Fish Cleaners পদে ১৫০ (একশত পঞ্চাশ) জন মহিলা কর্মীর নিয়োগানুমতি নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো :

কোম্পানীর নাম	পদের নাম	কর্মী সংখ্যা	বেতন (মাসিক)	অন্যান্য সুবিধাদি
Princes Tuna (Mauritius) Limited	Fish Cleaner	১৫০ (একশত পঞ্চাশ) জন	২১০ মার্কিন ডলার	খাদ্য, বাসস্থান, যাতায়াত, ইন্সুরেন্স এবং চিকিৎসা ফ্রি; চুক্তির মেয়াদ-০৪ বছর; কর্মঘণ্টা-দৈনিক ০৯ ঘণ্টা (সপ্তাহে ৪৫ ঘণ্টা); বিমান ভাড়া-উভয় পথ ফ্রি; চাকুরির অন্যান্য শর্তাবলী মরিশাসের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

শর্তাবলী :

- কর্মীর নিকট হতে অভিবাসন ব্যয় বাবদ কোন অর্থ গ্রহণ করা যাবে না, যা বিএমইটি যথারীতি মনিটরিং করবে;
- চূড়ান্তভাবে নিয়োগের পূর্বে কর্মীদের কাজের ধরণ, পরিবেশ, চাকুরীর শর্ত, বেতন ভাতাদি সম্পর্কে অবহিত করতে হবে, নিয়োগ চুক্তি পত্র স্বাক্ষর করতে হবে এবং নিয়োগ চুক্তির কপি বিএমইটিতে দাখিল করতে হবে;
- চুক্তিপত্রের কোন শর্ত লংঘিত হলে অথবা কর্মীরা সংশ্লিষ্ট কোম্পানীতে চাকুরী না পেলে অথবা কর্মীকে প্রস্তাবিত বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা না দেয়া হলে সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সিকে কর্মীর থাকা খাওয়ার খরচ ও প্রত্যাভাসন ব্যয়সহ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকেবে মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করতে হবে;
- বহির্গমন ছাড়পত্র প্রদানের পূর্বে বিএমইটিতে মূল চাহিদা পত্র, ক্ষমতা পত্র ও অন্যান্য মূল কাগজপত্র দাখিল করতে হবে;
- বিএমইটি থেকে ব্রিফিং গ্রহণের সনদপত্র ছাড়া বহির্গমন প্রদান করা যাবে না;
- নির্বাচিত কর্মীদের ফ্লাইট সিডিউল বিদেশ গমনের পূর্বে ব্যুরোতে দাখিল করতে হবে;
- মহিলা কর্মীদের স্বাস্থ্য পরীক্ষা অনুমোদিত ডায়াগনিস্টিক সেন্টার থেকে করিয়ে ইমিগ্রেশন ক্লিয়ারেন্স এর পূর্বে বিএমইটিতে জমা প্রদান করতে হবে;
- রিক্রুটিং এজেন্সী অভিবাসন ব্যয় বাবদ কর্মীর নিকট হতে কোন অর্থ গ্রহণ করবে না;
- চাকুরির শর্তাবলী মরিশাসের শ্রম আইনের বিধানের সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে।
- এ নিয়োগ সম্পন্ন করে অত্র মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।
- দক্ষতা ভিত্তিক কর্মী প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট দক্ষতার বিষয়টি পরীক্ষান্তে নিশ্চিত হয়ে Smart Card ইস্যু করতে হবে।
- মূল চাহিদাপত্র ও ক্ষমতাপত্রের Attestation-এর বিষয়টি সতর্কভাবে পরীক্ষা করবে।
- ১ জুলাই ২০১৭ থেকে ডাটাবেজ কার্যকর হওয়ায় ডাটাবেজ থেকে কর্মী নেয়ার বিষয়টি মহাপরিচালক, বিএমইটি নিশ্চিত করবেন।

প্রা.
(ডপ্টর কাজী কামরুন্নাহা)
উপসচিব
ফোন : ৮৩২২৫১৯


মহাপরিচালক
জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।

নং-৪৯.০০.০০০০.০৪৩.১১.০২০.১৭. ৫৬৩

তারিখ : ০৮-০৮-২০১৭ খ্রিঃ।

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-

১. যুগ্মসচিব (কর্মসংস্থান), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
২. যুগ্মসচিব (মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৪. কাউন্সেলর (শ্রম), বাংলাদেশ দূতাবাস, মরিশাস।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৬. ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স বে-ইন্টার্ন লিঃ, ১২, মহাখালি বা/এ, ঢাকা।
৭. সহকারী প্রোগ্রামার, আইটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. অফিস কপি।


(ডক্টর কাজী কামরুন নাহার)
উপসচিব
ফোন : ৮৩২২৫১৯